

অধ্যায়- ৬ গাণিতিক প্রতীক

এ অধ্যায়ে জানতে পারব

- সংখ্যা প্রতীক, প্রক্রিয়া প্রতীক, সম্পর্ক প্রতীক, বিপরীত সম্পর্ক প্রতীক এবং এদের ব্যবহার সম্পর্কে
- গাণিতিক উক্তি বা গাণিতিক বাক্য সম্পর্কে
- সংখ্যা রাশি তৈরি করা সম্পর্কে
- বন্ধনী চিহ্ন সম্পর্কে

গুরুত্বপূর্ণ তথ্য

● সংখ্যা প্রতীক

সংখ্যা লেখার জন্য দশটি প্রতীক ব্যবহৃত হয়। এই দশটি প্রতীকের সাহায্যে সকল সংখ্যা লেখা যায়। তাই এগুলো সংখ্যা প্রতীক। এই সংখ্যা প্রতীকগুলো হলো : ০, ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯।

● প্রক্রিয়া প্রতীক

যোগ, বিয়োগ, গুণ ও ভাগ এই প্রাথমিক চারটি প্রক্রিয়া ব্যবহার করে বিভিন্ন সমস্যার সমাধান করা যায়। এই চারটি প্রক্রিয়ার জন্য চারটি প্রতীক ব্যবহার করা হয়।

এই প্রক্রিয়া প্রতীকগুলো হলো :

প্রক্রিয়া	প্রতীক
যোগ	+
বিয়োগ	-
গুণ	×
ভাগ	÷

● সম্পর্ক প্রতীক

দুইটি সংখ্যার পারস্পরিক সম্পর্ক নির্দেশ করার জন্য কতকগুলো সম্পর্ক প্রতীক ব্যবহার করা হয়।

প্রতীক	নাম	উদাহরণ
=	সমান চিহ্ন	$৯ + ৫ = ১৪$
>	বৃহত্তর চিহ্ন বা বড় চিহ্ন	$২০ + ৯ > ৩০ - ৫$
<	ক্ষুদ্রতর চিহ্ন বা ছোট চিহ্ন	$২৫ ÷ ৫ < ৫ × ৩$

● বিপরীত সম্পর্ক প্রতীক

দুইটি সংখ্যার বিপরীত সম্পর্ক নির্দেশ করার জন্য কতকগুলো বিপরীত সম্পর্ক প্রতীক ব্যবহার করা হয়।

প্রতীক	নাম	উদাহরণ
≠	সমান নয়	$৩ × ৫ ≠ ১৫ × ৩$
≠	বৃহত্তর নয়	$৩৫ ≠ ৫৩$
≠	ক্ষুদ্রতর নয়	$৩৫ ÷ ৫ ≠ ৫ × ২$

● গাণিতিক বাক্য

কিছু সংখ্যাকে বিভিন্ন গাণিতিক প্রতীক দ্বারা যুক্ত করলে একটি গাণিতিক বাক্য তৈরি হয়।

যেমন : $৩০ ÷ ৫ + ২ × ৩ = ১০$

$৩৫ ÷ ৫ < ২ × ৩$

$৯ × ৬ > ৪৫$

● বন্ধনী চিহ্ন

সংখ্যা রাশিতে কোন প্রক্রিয়া আগে সম্পন্ন করতে হবে, তা বুঝতে বন্ধনী চিহ্ন () ব্যবহার করা হয়। যেমন : $৪৫ - (১৫ + ৫)$ রাশিটিতে প্রথমে যোগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে এবং এরপর ৪৫ থেকে ঐ যোগফল বিয়োগ করতে হবে।

৬.৪ অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

খালি ঘরে সম্পর্ক প্রতীক বসায় যাতে গাণিতিক বাক্যটি সঠিক হয় :

(১) $৮৭ + ১৩$ $১০৮ - ১৯$

[বামপক্ষ]	[ডানপক্ষ]
$৮৭ + ১৩$	$১০৮ - ১৯$
$= ১০০$	$= ৮৯$

$১০০ > ৮৯$

∴ $৮৭ + ১৩$ $১০৮ - ১৯$

(২) $২৬৭ - ২৫ - ২৭$ $২৬৭ - (২৫ + ২৭)$

[বামপক্ষ]	[ডানপক্ষ]
$২৬৭ - ২৫ - ২৭$	$২৬৭ - (২৫ + ২৭)$
$= ২৪২ - ২৭$	$= ২৬৭ - ৫২$
$= ২১৫$	$= ২১৫$

$$২১৫ = ২১৫$$

$$\therefore ২৬৭ - ২৫ - ২৭ = ২৬৭ - (২৫ + ২৭)$$

(৩) $৩৪৩ \div ৭ \div ৭ = ৩৪৩ \div (৭ \times ৭)$

[বামপক্ষ]	[ডানপক্ষ]
$৩৪৩ \div ৭ \div ৭$	$৩৪৩ \div (৭ \times ৭)$
$= ৪৯ \div ৭$	$= ৩৪৩ \div ৪৯$
$= ৭$	$= ৭$

$$৭ = ৭$$

$$\therefore ৩৪৩ \div ৭ \div ৭ = ৩৪৩ \div (৭ \times ৭)$$

কোন গাণিতিক বাক্যটি সঠিক ও কোনটি ভুল তা যাচাই কর :

(১) $৭৬ - ৩৪ + ৩০ = ৭৬ - (৩৪ - ৩০)$

[বামপক্ষ]	[ডানপক্ষ]
$৭৬ - ৩৪ + ৩০$	$৭৬ - (৩৪ - ৩০)$
$= ৭৬ + ৩০ - ৩৪$	$= ৭৬ - ৪$
$= ১০৬ - ৩৪$	$= ৭২$
$= ৭২$	$= ৭২$

\therefore বাক্যটি সঠিক কারণ ৭২ সমান ৭২।

(২) $২০০ - ২৫ \times ৪ \neq (২০০ - ২৫) \times ৪$

[বামপক্ষ]	[ডানপক্ষ]
$২০০ - ২৫ \times ৪$	$(২০০ - ২৫) \times ৪$
$= ২০০ - ১০০$	$= ১৭৫ \times ৪$
$= ১০০$	$= ৭০০$

\therefore বাক্যটি সঠিক কারণ ১০০ ও ৭০০ সমান নয়।

(৩) $৩২ \div ৪ \div ২ \neq ৩২ \div (৪ \div ২)$

[বামপক্ষ]	[ডানপক্ষ]
$৩২ \div ৪ \div ২$	$৩২ \div (৪ \div ২)$
$= ৮ \div ২$	$= ৩২ \div ২$
$= ৪$	$= ১৬$

\therefore বাক্যটি ভুল কারণ ৪, ১৬ এর চেয়ে ছোট।

অর্থাৎ ৪, ১৬ এর চেয়ে বড় নয়।

(৪) $৩ \times ৬ + ৪ \times ২ = ৩ \times (৬ + ৪) \times ২$

[বামপক্ষ]	[ডানপক্ষ]
$৩ \times ৬ + ৪ \times ২$	$৩ \times (৬ + ৪) \times ২$
$= ১৮ + ৮$	$= ৩ \times ১০ \times ২$
$= ২৬$	$= ৩০ \times ২$
	$= ৬০$

\therefore বাক্যটি ভুল কারণ ২৬, ৬০ এর সমান নয়।

খালি ঘরে সঠিক গাণিতিক প্রতীক বসায় যতে গাণিতিক বাক্যটি সঠিক হয় :

(১) $৬৯ \square ১৩ = ৭ \square ৮$

(২) $৫৮ \square ২৯ = ৯৬ \square ৯$

(৩) $৮ \square ৫ = ১২০০ \square ৩০$

(৪) $৮৭ \square ৩৮ = ৭ \square ৭$

(১) $৬৯ \square ১৩ = ৭ \square ৮$

(২) $৫৮ \square ২৯ = ৯৬ \square ৯$

(৩) $৮ \square ৫ = ১২০০ \square ৩০$

(৪) $৮৭ \square ৩৮ = ৭ \square ৭$

খোলা বাক্যের খালি ঘরে সংখ্যা বসায় যতে গাণিতিক বাক্যটি সঠিক হয় :

(১) $\square + ৯ = ৪৯ - ১৫$

$$\square + ৯ = ৪৯ - ১৫$$

$$\Rightarrow \square + ৯ = ৩৪$$

$$\Rightarrow \square = ৩৪ - ৯$$

$$= ২৫$$

$$\therefore \square + ৯ = ৪৯ - ১৫$$

(২) $৯ \times \square = ৩৬ \times ২$

$$৯ \times \square = ৩৬ \times ২$$

$$\Rightarrow ৯ \times \square = ৭২$$

$$\Rightarrow \square = ৭২ \div ৯$$

$$= ৮$$

$$\therefore ৯ \times \square = ৩৬ \times ২$$

(৩) $৮১ \div \square = ২৭ \div ৩$

$$৮১ \div \square = ২৭ \div ৩$$

$$\Rightarrow ৮১ \div \square = ৯$$

$$\Rightarrow ৮১ = ৯ \times \square$$

$$\Rightarrow ৮১ \div ৯ = \square$$

$$\Rightarrow ৯ = \square$$

$$\therefore ৮১ \div \square = ২৭ \div ৩$$

(৪) $৩ + ৮ \times \square = ৩৫$

$$৩ + ৮ \times \square = ৩৫$$

$$\Rightarrow ৮ \times \square = ৩৫ - ৩$$

$$\Rightarrow ৮ \times \square = ৩২$$

$$\Rightarrow \square = ৩২ \div ৮$$

$$= ৪$$

$$\therefore ৩ + ৮ \times \square = ৩৫$$

ব্যবহার করে নিচের সমস্যাগুলোকে প্রকাশ কর এবং অজানা সংখ্যাটি নির্ণয় কর।

(১) একটি সংখ্যাকে ৭ দ্বারা ভাগ করলে ভাগফল ৫ ও ভাগশেষ ৪ হয়।

সমাধান :

$$\square \div ৭ = ৫ \text{ ভাগশেষ } ৪$$

এখানে ভাজক ৭, ভাগফল ৫, ভাগশেষ ৪ এবং অজানা সংখ্যাটি হচ্ছে ভাজ্য।

আমরা জানি,

$$\text{ভাজ্য} = \text{ভাজক} \times \text{ভাগফল} + \text{ভাগশেষ}$$

$$\text{গাণিতিক বাক্য : } \square = ৭ \times ৫ + ৪$$

$$\text{খালিঘরে অজানা সংখ্যাটি হবে : } \square = ৭ \times ৫ + ৪$$

$$= ৩৫ + ৪$$

$$= ৩৯$$

$$\therefore \square = ৩৯$$

অজানা সংখ্যাটি হলো ৩৯

[বি.দ্র.: উত্তর অনুযায়ী প্রশ্ন সংশোধন করা হলো]

(২) ৩ ও ৩৭ এর একটি সংখ্যার যোগফলকে ৭ দিয়ে গুণ করলে গুণফল ৫৬ হয়।

সমাধান :

$$\text{গাণিতিক বাক্যটি হবে : } (৩ + \square) \times ৭ = ৫৬$$

খালি ঘরে অজানা সংখ্যাটি হবে :

$$৩ + \square = ৫৬ \div ৭$$

$$\Rightarrow ৩ + \square = ৮$$

$$\Rightarrow \square = ৮ - ৩$$

$$= ৫$$

$$\therefore \square = ৫$$

\therefore অজানা সংখ্যাটি হলো ৫।

পরীক্ষা প্রস্তুতি

বহুনির্বাচনি প্রশ্নোত্তর (যোগ্যতাভিত্তিক)

শিখনফল : গাণিতিক প্রতীকগুলো চিনতে পারব।

- '=' চিহ্নটি কোন প্রকারের প্রতীক? গ
 - সংখ্যা
 - প্রক্রিয়া
 - সম্পর্ক
 - বিপরীত সম্পর্ক
- '>' প্রতীকটির নাম কী? ক
 - বৃহত্তর নয়
 - ক্ষুদ্রতর নয়
 - সমান নয়
 - বৃহত্তর
- নিচের কোনটি প্রক্রিয়া প্রতীক? ঘ
 - =
 - <
 - ৭
 - ÷
- সংখ্যা প্রতীক কয়টি? গ
 - ৫
 - ৪
 - ১০
 - ৩
- '<' প্রতীকটির নাম কী? ক
 - ক্ষুদ্রতর
 - ক্ষুদ্রতর নয়
 - বৃহত্তর
 - বৃহত্তর নয়
- সংখ্যা প্রতীকে সবচেয়ে বড় প্রতীকটি কত? ঘ
 - ১৩
 - ১২
 - ১১
 - ৯

শিখনফল : গাণিতিক প্রতীক ব্যবহার করে বাক্য প্রকাশ করতে পারব।

- “সাতান্ন, সাতানব্বই থেকে বড় নয়” গাণিতিক প্রতীক ব্যবহার করলে নিচের কোনটি সঠিক? খ
 - ৫৭ < ৯৭
 - ৫৭ > ৯৭
 - ৫৭ < ৯৭
 - ৫৭ > ৯৭
- “আটশত নিরানব্বই, সাতশত নিরানব্বইয়ের সমান নয়” গাণিতিক প্রতীক ব্যবহার করে লিখলে নিচের কোনটি হবে? ঘ
 - ৮৯৯ > ৭৯৯
 - ৮৯৯ < ৭৯৯
 - ৮৯৯ = ৭৯৯
 - ৮৯৯ ≠ ৭৯৯
- ২৩ > ৩০ এর জন্য নিচের কোন বাক্যটি সত্য? ক
 - তেইশ, ত্রিশ থেকে বড় নয়
 - ত্রিশ, তেইশ থেকে বড় নয়
 - তেইশ, ত্রিশ থেকে ছোট নয়
 - তেইশ, ত্রিশ এর সমান
- “একান্ন ও সতেরো এর ভাগফলের সাথে সাত যোগ” প্রতীক ব্যবহার করে দেখাও। খ
 - ৫১ + ১৭ ÷ ৭
 - ৫১ ÷ ১৭ + ৭
 - ১৭ ÷ ৫১ + ৭
 - ৫১ + ৭ ÷ ১৭
- “সাত ও তিনের যোগফলকে দুই দ্বারা ভাগ” প্রতীকের সাহায্যে প্রকাশ করলে নিচের কোনটি হবে? গ
 - ৭ + ৩ × ২
 - ৭ + (৩ ÷ ২)
 - (৭ + ৩) ÷ ২
 - ৭ ÷ ২ + ৩

১২. গাণিতিক প্রতীকের সাহায্যে দেখাও “চল্লিশ ও দশের যোগফলকে দুই দ্বারা ভাগ করলে, পনেরো ও পঁচের যোগফলের চেয়ে বড় হবে।”

- ক $(80 + 10) \div 2 > 15 + 5$
খ $8 + 10 \div 2 > (15 + 5)$
গ $80 + 10 \div 2 > 15 + 5$
ঘ $(80 + 10) \div 2 < 15 + 5$

শিখনফল : যথাযথভাবে প্রতীক ব্যবহার সম্পর্কে জানতে পারব।

১৩. নিচের কোনটিতে ‘=’ চিহ্ন বসবে? খ

- ক $৮ \times ৬ \square ৪০$ খ $১৩ \times ২ \square ২৬$
গ $১১ \div ১১ \square ১১$ ঘ $২৩ + ৩৩ \square ৬৬$

১৪. $২০ + ৯ \square ৩০$; খালিঘরে যথাযথ সম্পর্ক চিহ্ন বসাত? ক

- ক $>$ খ $<$
গ $=$ ঘ $>$

১৫. $২ \times ৫ \square ৪ + ৪$; ফাঁকা স্থানে নিচের কোন চিহ্ন বসবে? ক

- ক $>$ খ $<$
গ $=$ ঘ $>$

১৬. নিচের গাণিতিক বাক্যগুলোর মধ্যে কোনটি সঠিক? ঘ

- ক $২৮ > ৩০$ খ $৮ \times ৩ < ১৯$
গ $৬ \times ৪ = ৩ \times ৯$ ঘ $১৬ + ৩ = ১৯$

১৭. $১৬ + ৪ - ২ = ৩৬ \square ২$; ফাঁকা ঘরে কোন চিহ্ন বসবে? গ

- ক $+$ খ $-$
গ \div ঘ \times

ব্যাখ্যা :

বামপদ $১৬ + ৪ - ২$ $= ২০ - ২$ $= ১৮$	ডানপদ $৩৬ \square ২$ $= ৩৬ \div ২$ $= ১৮$
---	--

১৮. $৩ \square ৩ = ২৭ \square ৩$; খালিঘরে কোন প্রক্রিয়া প্রতীক বসালে বাক্যটি সঠিক হবে? ছ

- ক $+$, \div খ \times , \div
গ \times , $-$ ঘ \div , \div

শিখনফল : খালি ঘর \square সংবলিত গাণিতিক বাক্য তৈরি ও সমাধান করতে পারব।

১৯. দুইটি সংখ্যার যোগফল ১৫। একটি সংখ্যা ৬ হলে অপর সংখ্যাটি \square ধরে গাণিতিক বাক্যটি কী হবে? জ

- ক $৬ + ১৫ = \square$ খ $১৫ + \square = ৬$
গ $\square + ৬ = ১৫$ ঘ $\square = ১৫ + ৬$

২০. $\square + ৭ = ১৯$; খালিঘর সম্বলিত গাণিতিক বাক্যটি কোন মানের জন্য সত্য? জ

- ক ২৪ খ ১৯
গ ১২ ঘ ৭

ব্যাখ্যা :

$\square + ৭ = ১৯ \Rightarrow \square = ১৯ - ৭ = ১২$

২১. $\square + ১৩ = ৩৮ - ১৭$; খালিঘরে নিচের কোন মানটি বসবে? চ

- ক ৮ খ ৯
গ ১৩ ঘ ২১

ব্যাখ্যা: $\square + ১৩ = ৩৮ - ১৭$

$\Rightarrow \square + ১৩ = ২১ \Rightarrow \square = ২১ - ১৩ = ৮$

২২. যদি একটি সংখ্যার সাথে ১১ গুণ করলে গুণফল ১২১ হয় তবে একে \square সম্বলিত গাণিতিক বাক্যে লিখলে কী হবে? ছ

- ক $১২১ \times ১১ = \square$ খ $\square \times ১১ = ১২১$
গ $১১ \div \square = ১২১$ ঘ $১২১ \div ১১ = \square$

২৩. $৭২ \div \square = ৪ \times ২$; খালিঘর কত হবে? ঘ

- ক ৬ খ ৭
গ ৮ ঘ ৯

ব্যাখ্যা: $৭২ \div \square = ৪ \times ২ \Rightarrow ৭২ \div \square = ৮$

$\Rightarrow ৭২ = ৮ \times \square \Rightarrow ৭২ \div ৮ = \square \Rightarrow ৯ = \square$

□ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর :

সাধারণ

১. সংখ্যা প্রতীক কাকে বলে?

উত্তর : যে প্রতীকগুলো সংখ্যা লেখার জন্য ব্যবহার করা হয় সেগুলোকে সংখ্যা প্রতীক বলে।

২. সংখ্যা প্রতীক কতটি?

উত্তর : দশটি।

৩. সংখ্যা প্রতীকগুলো লিখ?

উত্তর : ০, ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯।

৪. প্রক্রিয়া প্রতীক কয়টি?

উত্তর : চারটি।

৫. “+” চিহ্নটি কোন প্রতীক?

উত্তর : প্রক্রিয়া প্রতীক।

৬. “ \times ” চিহ্নটির নাম কী?

উত্তর : বৃহত্তর নয়।

৭. $\square + ১৮ = ৩০$; এটি কোন ধরনের বাক্য?

উত্তর : খোলা বাক্য।

৮. “ \neq ” চিহ্নটি কোন ধরনের প্রতীক?

উত্তর : সম্পর্ক প্রতীক।

যোগ্যতাভিত্তিক

৯. সংখ্যা প্রতীক ব্যবহার করে তিনটি সংখ্যা লেখ।

উত্তর : ১২০, ১২৫, ১৩৫।

১০. একটি গাণিতিক সমস্যায় সংখ্যা প্রতীক, প্রক্রিয়া প্রতীক ও সম্পর্ক প্রতীকের ব্যবহার দেখাও।

উত্তর : $৯ + ৫ = ১৪$ ।

১১. $১৫ + ৫ \square ১২ + ৫$; ফাঁকা ঘরে কী বসবে?

উত্তর : ‘ $>$ ’ বৃহত্তর চিহ্ন বসবে।

ব্যাখ্যা: $১৫ + ৫ \square ১২ + ৫ \Rightarrow ২০ \square ১৭$

১২. $৩৫ \div ৫ \square ৩ + ৭$; ফাঁকা ঘরে কী প্রতীক বসবে?

উত্তর: ' $<$ ' ক্ষুদ্রতর চিহ্ন বসবে।

ব্যাখ্যা: $৩৫ \div ৫ \square ৩ + ৭ \Rightarrow ৭ \square ১০$

১৩. $১ \times ৪৫ \square ৫০ + ১$; ফাঁকা ঘরে কোন কোন প্রতীকের ব্যবহার
যুক্তিসঙ্গত হবে?

উত্তর: \neq (সমান নয়), $>$ (বড় নয়), $<$ ক্ষুদ্রতর।

১৪. প্রতীকের সাহায্যে প্রকাশ কর: ষাট যোগ ত্রিশ ও দশের বিয়োগ ফল,
একশ বিশ ভাগ দুই এর চেয়ে বড়।

উত্তর: $৬০ + ৩০ - ১০ > ১২০ \div ২$ ।

১৫. $\square + ১৫ = ২৫$; ফাঁকা ঘরে কী হবে?

উত্তর: ১০।

ব্যাখ্যা: $\square + ১৫ = ২৫ \Rightarrow \square = ২৫ - ১৫ = ১০$

১৬. $১৩ + ২ - \square = ১২০ \div ৬০ + ৮$; খালি ঘরে কত বসবে?

উত্তর: ৫।

ব্যাখ্যা: $১৩ + ২ - \square = ১২০ \div ৬০ + ৮$

$\Rightarrow ১৫ - \square = ১২ \div ৬ + ৮ \Rightarrow ১৫ - \square = ২ + ৮$

$\Rightarrow ১৫ - \square = ১০ \Rightarrow ১৫ - ১০ = \square \Rightarrow ৫ = \square$

১৭. ১৪৪ কে কোন সংখ্যা দ্বারা ভাগ করলে ভাগফল ১২ হবে?

উত্তর: ১২ দ্বারা ভাগ করলে।

ব্যাখ্যা: $১৪৪ \div \square = ১২$

$\Rightarrow ১৪৪ \div ১২ = \square \Rightarrow ১২ = \square$

□ কাঠামোবদ্ধ প্রশ্নোত্তর (যোগ্যতাভিত্তিক)

১. ৫ ও ৯ অপসারণ একটি সংখ্যার যোগফলকে ৯ দিয়ে গুণ করলে গুণফল ৬৩
হয়।

ক. অপসারণ সংখ্যাটি \square ধরে, গাণিতিক বাক্যটি লেখ। ২

খ. গাণিতিক বাক্যটিতে কী কী প্রতীক ব্যবহার করা হয়েছে তার নাম
লেখ? ২

গ. অজানা সংখ্যাটি নির্ণয় কর। ২

ঘ. অজানা সংখ্যাটি গাণিতিক বাক্যে বসিয়ে বাক্যটি সঠিক না ভুল
যাচাই কর। ২

সমাধান:

ক. গাণিতিক বাক্য: $(৫ + \square) \times ৯ = ৬৩$

খ. ৫, ৯, ৬৩ হলো সংখ্যা প্রতীক। +, \times হলো প্রক্রিয়া প্রতীক।
“=” হলো সম্পর্ক প্রতীক।

গ. 'ক' হতে পাই,
 $(৫ + \square) \times ৯ = ৬৩$

$\Rightarrow ৫ + \square = ৬৩ \div ৯$

$\Rightarrow ৫ + \square = ৭$

$\Rightarrow \square = ৭ - ৫$

$= ২$

অজানা সংখ্যাটি ২

ঘ. গাণিতিক বাক্য হবে: $(৫ + ২) \times ৯ = ৬৩$

[বামপর্ব]	[ডানপর্ব]
$(৫ + ২) \times ৯$	৬৩
$= ৭ \times ৯$	
$= ৬৩$	

৬৩ = ৬৩

\therefore বাক্যটি সঠিক কারণ ৬৩ সমান ৬৩।

২. পঁচিশ ও পঁচিশের গুণফল, একশত কে ছয় দ্বারা গুণ করে একশত যোগ
করলে যোগফল অজানা সম্পর্ক প্রতীকের জন্য সত্য হবে।

ক. অজানা সম্পর্ক প্রতীককে \square ধরে, গাণিতিক বাক্যটি লেখ। ২

খ. অজানা সম্পর্ক প্রতীকটি নির্ণয় কর। ২

গ. গাণিতিক বাক্যটিতে ব্যবহৃত প্রক্রিয়া ও সম্পর্ক প্রতীকের নাম
লেখ। ২

ঘ. কোন অজানা মানের জন্য বাক্যটি সমান হবে তা নির্ণয়ের জন্য
তোমার ইচ্ছেমত \square সংবলিত গাণিতিক বাক্য তৈরি কর এবং
সমাধান কর। ২

সমাধান:

ক. গাণিতিক বাক্য হবে: $২৫ \times ২৫ \square (১০০ \times ৬) + ১০০$

[বামপর্ব]	[ডানপর্ব]
২৫×২৫	$১০০ \times ৬ + ১০০$
$= ৬২৫$	$= ৬০০ + ১০০$
	$= ৭০০$

৬২৫ < ৭০০

$\therefore ২৫ \times ২৫ \square (১০০ \times ৬) + ১০০$

গ. প্রক্রিয়া প্রতীক: ' \times ' গুণ

'+' যোগ

সম্পর্ক প্রতীক: ' $<$ ' ক্ষুদ্রতর

ঘ. বাক্যটি সমান করার জন্য \square সংবলিত গাণিতিক বাক্য হলো:

$২৫ \times ২৫ + \square = ১০০ \times ৬ + ১০০$

$\Rightarrow ৬২৫ + \square = ৭০০$

$\Rightarrow \square = ৭০০ - ৬২৫$

$= ৭৫$

\therefore বাক্যটির বামপক্ষে ৭৫ যোগ করলে গাণিতিক বাক্যটি সমান
হবে।